দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 APR 2003
পৃষ্ঠা ১৮ কলাম ৩

# শিক্ষা সচিবের পদত্যাগ দাবি

ইত্তেফাক রিপোর্ট । সরকারী কলেজের শিক্ষকগণ শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের পদত্যাগ দাবি করেছেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আহবানে দেশের বিভিন্ন স্থান থেকে প্রায় সাড়ে ৩ হাজার সরকারী কলেজ-শিক্ষক গতকাল রবিবার ঢাকা নগরীতে মিছিলে নেমে সচিবের

(১৫শ পৃঃ ৬ -এর কঃ দ্রঃ)

## শিক্ষা সচিব

(শেষ পৃঃ পর)

পদত্যাগের দাবিতে শ্লোগান দেন। শিক্ষা সংশ্লিষ্ট অফিস থেকে ১৪০ প্রশাসন ক্যাডার কর্মকর্তাকে প্রত্যাহারসহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী গতকাল এই মিছিলের আয়োজন করা হয়। মিছিলটি শিক্ষা ভবন সংলগ্ন আবদুল গনি রোড থেকে শুরু হয়ে জাতীয় প্রেসক্লাব অভিমুখে যাত্রা করলে কদম ফোয়ারার কাছে পুলিশ মিছিলে বাধা প্রদান করে। এই সময় শিক্ষকদের সাথে পুলিশ দুর্ব্যবহার করে। উভয়পক্ষের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়। শিক্ষকবৃন্দ উত্তেজিত ভঙ্গিতে শিক্ষা সচিবের পদত্যাগের দাবিতে শ্লোগান দেন। এর আগে শিক্ষা ভবন চত্বরে শিক্ষক সমাবেশে দাবি আদায়ের লক্ষ্যে ৪ ও ৫ মে ঢাকায় এবং ১৯ থেকে ২১ মে পর্যন্ত ৩ দিন সারাদেশে সরকারী কলেজ, টিটি কলেজ ও সরকারী আলিয়া মাদ্রাসায় শিক্ষক ধর্মঘট আহবান করা হয়। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর মোহাম্মদ কফিল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সমিতির মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার, নাসরিন বেগম, মাসুমে রব্বানী খান, মোঃ খালেকুজ্জামান, ডঃ মীর মাহফুজুল হক, এ কে এম আসাদুজ্জামান, এস এম শফিকুল ইসলাম, আনসার উদ্দিন আনিস প্রমুখ।